

Vol. 28 | No. 3 | 1985

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

মুনি দত্ত-কৃত চর্যাগীতির সংস্কৃত টীকা

Volume	28
Issue	3
Year	1985
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	সৈয়দ আলী আহসান
Published online	June 1, 1985
DOI	10.62328/sp.v28i3.6
Link to article	https://doi.org/10.62328/sp.v28i3.6
Pages	164-238
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

মুনি দত্ত-কৃত চর্যাগীতির সংস্কৃত টীকা

সৈয়দ আলী আহসান

আচার্য মুনি দত্ত[১] সংস্কৃত ভাষায় চর্যাগীতির যে টীকা রচনা করেছিলেন সে-টীকা গভীর পাণ্ডিত্যে পরিপূর্ণ। তিনি তাঁর টীকার সাহায্যে প্রমাণিত করেছিলেন যে চর্যাগীতি নিগূঢ় তত্ত্বের একটি ধর্মীয় আদর্শের কাব্য। মুনি দত্ত তাঁর টীকায় বিভিন্ন যোগ-প্রকরণ এবং যোগ-রহস্য ব্যাখ্যা করেছেন। এর ফলে যে কোনও পাঠকের সামনে চর্যাগীতিকা জটিল তত্ত্বসমৃদ্ধ হয়ে উপস্থিত হয়। গীতিকার সাধারণ ভাষাকে তিনি রূপক হিসেবে ব্যাখ্যা করেছেন। এবং বিভিন্ন সাধনতত্ত্বের উপপাদ্য করেছেন।[২] এ গীতিকাগুলির রচয়িতাদের মধ্যে অনেকেই মহাপণ্ডিত ছিলেন। যেমন কাহ্ন, ভুসুকু এবং সরহ।[৩] এঁদের প্রত্যেকের রচিত ধর্ম এবং সাধন-গ্রন্থ আছে। মুনি দত্ত যে সমস্ত সাধন-প্রণালীর ব্যাখ্যা তাঁর টীকায় দিয়েছেন সেগুলো অধিকাংশই মহাযান বৌদ্ধ পন্থার। অবশ্য তিন নম্বর গীতিকায় নাথপন্থী যোগীদের সাধন-প্রক্রিয়ার কথা বলা হয়েছে এবং দশ এগারো সংখ্যক গীতিকায় কাপালিকদের আচরণের কথা। কিন্তু মুনি দত্ত এগুলোরও বৌদ্ধ ব্যাখ্যা দিয়েছেন।

মুনি দত্ত গীতিকাগুলোর স্বাভাবিক সরল অর্থকে জটিল তত্ত্ব-ব্যাখ্যায় রূপান্তরিত করেছেন। যেমন চার নম্বর চর্যায় 'জোইনী তঁই বিনু খনহী ন জীবমি'; এখানকার যোগীকে তিনি ব্যাখ্যা করেছেন নৈরাত্মা যোগী বলে। এভাবে যোগিনীর সাধারণ অর্থ রক্ষিত না হয়ে একটু নতুন আশ্লেষে রূপান্তরিত হয়েছে। 'মুহ' বা মুখ-এর ব্যাখ্যা মুনি দত্ত করেছেন সহজানন্দ বলে। চর্যাগীতিকায় যেখানে কমল রস্ পান করার কথা আছে সেখানকার ব্যাখ্যা মুনি দত্ত করেছেন "পরমার্থ বোধিচিত্তম" বলে।

মুনি দত্ত চর্যাগীতির ব্যাখ্যায় বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে উদ্ধৃতি দিয়েছেন। অধিকাংশ উদ্ধৃতি এসেছে 'হেবজ্রতন্ত্র' থেকে। 'হেবজ্রতন্ত্র' থেকে উনশাটি উদ্ধৃতি আছে। এতে বুঝা যায় মুনি দত্ত তন্ত্রের সুদক্ষ পণ্ডিত ছিলেন, আরো বুঝা যায় মুনি দত্তের ধর্মীয় আদর্শের প্রধান অবলম্বন ছিল 'হেবজ্রতন্ত্র'। 'হেবজ্রতন্ত্রের' পরে যে-সব সূত্র থেকে উদ্ধৃতি এসেছে তার মধ্যে প্রধান হচ্ছে 'আগম'। কাহ্নর দোহাকোষ থেকেও প্রচুর উদ্ধৃতি মুনি দত্ত দিয়েছেন। সরহর দোহাকোষ থেকেও অনেক উদ্ধৃতি এসেছে। কাহ্নর দোহাকোষ থেকে ১৪টি এবং সরহর দোহাকোষ থেকে ১০টি উদ্ধৃতি এসেছে। অন্যান্য যে-সমস্ত গ্রন্থ থেকে মুনি দত্ত উদ্ধৃতি দিয়েছেন সেগুলোর নাম হচ্ছে 'বোধি চর্যাবতার' (শান্তি দেব রচিত), নাগার্জুন রচিত 'মাধ্যমক শাস্ত্র', নাগার্জুন রচিত 'পঞ্চক্রম', কৃষ্ণাচার্য রচিত 'যোগরত্নমালা'।[৪] এসব বিভিন্ন গ্রন্থ থেকে উদ্ধৃতির ফলে প্রমাণিত হয় যে মুনি দত্ত অসাধারণ পণ্ডিত ছিলেন এবং তিনি গীতিকা-গুলোকে, বিবিধ তান্ত্রিক বিশ্বাসের এবং আচরণের আকরে পরিণত করেছিলেন।

আমরা নিম্নে গীতিকাগুলোর সূত্র মুনি দত্তের টীকার সামগ্রিক উদ্ধৃতিসহ কিছু কিছু তাৎপর্যও উপস্থিত করবো।

প্রথম গীতিকা

শ্রীমৎসদ্‌গুরুবক্ত্র পঙ্কজরসাস্বাদ স্ফুরদ্ধীদয়ো॥
নত্বা শ্রীকুলিশেশমন্দ্রয়ধিয়ং শ্রদ্ধাপ্রসন্না মনঃ।
শ্রীলুয়চরণাদিসিদ্ধ রচিতেহ প্যার্য্যাশ্চচর্য্যাচয়ে
সদ্বন্ধোবগমায় নির্ম্মলগিরাং টীকাং বিধাস্যে স্ফুটম্॥[৫]

রাগপটমঞ্জরী কাআতরু বহরত্যাদি।

শ্রীমদগুরু চরণারবিন্দমকরন্দ বিন্দু সন্দোহশান্ত সন্তপিতনেন্দ স্তিমিত হৃদয়ঃ সত্যদ্বয় মহামোহ ভ্রমজলধি মধ্য-নিমগ্নাহশরণ দীনজন সমুদ্ধরণকামো হি সিদ্ধাচার্য্যঃ শ্রীলুইপাদঃ প্রনিধি প্রেরিতাবতারণার্থং

কামতরুব্যাজেন সুদ্ধধর্ম্মতাপীঠিকাং প্রাকৃতভাসয়া রচিতুমাহ কায়েত্যাদি। রূপাদয়ঃ পঞ্চস্কন্ধাঃ। ষড়িন্দ্রিয়ানি ধাতবো বিষয়াশ্চ গ্রাহ্যগ্রাহক গ্রহণোপলক্ষিত পল্লবত্বাৎ কায়তরুবরত্বেন গৃহীতঃ। নন্বচেতনত্বাৎ কথং কায়স্তরুবরঃ। নৈষ দোষঃ। তথৈব বহিঃশাস্ত্র কারৈরপ্যুৎপ্রেক্ষালঙ্কারপরৈঃ কিঞ্চিদ্ ভেদাধিষ্ঠানং হি সাদৃশ্যম্ উদীরিতং। কিমুতাস্য প্রকৃত্যাভাষদোষবশাৎ চাঞ্চল্যতয়া প্রাকৃতসত্ত্বেনাচ্যুতিরূপো হি রাহুঃ। স এব কালঃ। কৃষ্ণপ্রতিপদ্দাশায়াং প্রবিষ্টঃ। যস্মাৎ নন্দাভদ্রা-জয়ারিক্তাপূর্ণাতিথিক্রমেণ সংবৃতিবোধিচিত্তমৃগাঙ্কং শোষং নয়তীতি। অয়মপ্যর্থং কৃষ্ণাচার্য্যপাদৈরভিহিত

বরগিরিকন্দর গুহির জণ্ড সত্তল বি তুট্টই।
বিমলসলিল সোস জাই যং কালোঁ পইট্টই॥

তথাচ রতিবজ্রে—

পতিতে বোধিচিত্তে তু সর্ব্বসিদ্ধি নিধানকে।
মূর্চ্ছিতে স্কন্ধবিজ্ঞানে কুতঃ সিদ্ধিরনিন্দিতা।

তথাচ সংপুটোদ্ভবতন্ত্ররাজে—

অনল্প সংকল্প তমোভিভূতং প্রভঙ্গলোভতড়িচ্চলঞ্চ।
রাগাদিদুর্ব্বারমলাবলিপ্তং চিত্তং হি সংসারমুবাচ বজ্রী॥

তস্মাৎ যে কেচিৎ প্রাদেশিকাঃ পরিপক্বকুশলাঃ ভগবতঃ পঞ্চক্রম প্রবেশোপায়ধারণ পূর্ব্বেণ যুগনদ্ধরূপং সহজানন্দফলং সততামন্বেষয়ন্তি তেহপি বজ্রোপ সমাধিং সাক্ষাৎ কুর্ব্বন্তি। আর্যদেব পাদৈরপ্যুক্তং পঞ্চক্রমানুপূর্ব্বেণ বিনা

নিষ্পন্নক্রমসম্বোধি সাক্ষাৎ কর্তুং ন প্রাপ্যতে।

দিটকরীত্যাদি। অনেনোপাশক সম্বরাদানুপূর্ব্বা যথা পরিপাট্যাভিষিক্তেন যোগিবরঃ সময়সঙ্কেত দ্রব্যাপহারণ, সদ্গুরু সারাধ্যার্দ্ধরাত্রৌ প্রজ্ঞাজ্ঞানা-ভিষেকলব্ধা দৃঢ়ং যথা ভবতি। তথা মহাসুখং চতুর্থানন্দ ত্বং পরিমাপয়।

ভণই লুই ইত্যাদি। তস্মিন্ কুলিশারবিন্দসংযোগাক্ষর সুখোপায়ং শ্রীগুরূণ্ পৃষ্ট্বা বিরমানন্দে ব্যাপ্যব্যাপকতয়া সর্ব্বধর্ম্মা নুপলম্ভরূপং সহজানন্দমহাসুখং অহর্নিসং জানীহি। তথাচ শ্রীসমাজে।

ন বিনা বজ্র গুরুণা সর্ব্বক্লেশ প্রহাণ কং।
নির্ব্বাণঞ্চ পদং শান্তমবৈবর্ত্তিকমাপ্নু য়াৎ ॥

তথাচ নাগার্জ্জুনপাদৈঃ বজ্রজাপে চোক্তং।

গিরীন্দ্রমূর্দ্ধগ্নঃ প্রপতেত্ কশ্চিন্ নেচ্ছেচ্চ্যুতিং হি চ্যবতে তথাপি।
গুরুপ্রসাদাপ্তহিতোপদেশ ইচ্ছন্ন মোক্ষঞ্চ তথাপি মুক্তঃ॥

সরহপাদৈরপ্যুক্তং প্রবন্ধে।

যা সা সংসারচক্রং বিরচয়তি মনঃসন্নিযোগাত্ হেতোঃ
সা বীর্যস্য প্রসাদাদ্দিশতি নিজ ভুবং স্বামিনো নিষ্প্রপঞ্চ।
তচ্চ প্রত্যাত্মবেদং সমুদয়তি সুখকল্পনা মলমুক্তং
কুর্য্যাৎ তস্যাংঘ্রিযুগ্মং শিরসি সবিনয়ং সদগুরোঃ সর্ব্বকালং॥

শ্রীহেবজ্রেহপি।

আত্মনা জ্ঞায়তে পুণ্যাৎ গুরু পর্ব্বোপসেবয়া।

পদান্তরেণ মহারাগপক্ষ সমধ্যুদ্দীপয়ন্নমুশং—সাম্যহ। সঅল সমাহী-ত্যাদি। ভগবতৈব নয়ভেদে—নানংতাপর্যন্তাঃ সমাধয়ো দশাকুশলপরি-হারায় ইন্দ্রিয়নিরোধায় নির্দ্দিষ্টাঃ। তৈ রত্র সমাধিভিঃ মহারাগনয়ে সুখরহিতত্বাৎ দুষ্করপোষধাদিনিয়মৈশ্চ কিঞ্চিন্নক্রিয়তে॥
অতঃ শ্রীসমাজে।

দুষ্করৈর্নিয়মৈস্তীব্রমূর্ত্তিঃ শুষ্যতি দুঃখিতা।
দুঃখাদ্ধি ক্ষিপ্যতে চিত্তং বিক্ষেপাৎ সিদ্ধিরন্যথেতি॥

তথাচ শ্রীহেবজ্রে।

রাগেণ বধ্যতে লোকো রাগেণৈব বিমুচ্যতে।
বিপরীতভাবনা হেষা ন জ্ঞাতা বুদ্ধতীর্থিকৈরিতি॥

এবং মহাসুখাবঘাতেন রহিতত্বেন বুদ্ধতীর্থিকে বহূনি দুঃখান্যনুভূয়াৎ-পদ্যন্তে ম্রিয়ন্তে চ। ন তে তস্য ভাগিনঃ তথাগমঃ।

তত্ত্বাহীনা ন সিধ্যন্তি কল্পকোটিশতৈরপীতিবচনাৎ। মহারা নয়চর্য্যামপাহ। শ্রীসমাজে।

পথ্য কামান্ পরিত্যজ্য তৎপোষিনাঃ চ পীড়য়েৎ।
সুখেন সাধয়েদ্ বোধিং যোগতন্ত্রানুসারতঃ॥

তথাচ সরহপাদৈঃ।

তনুতরচিত্তাঙ্কুরকো বিষয়রসৈর্যদি ন সিচ্যতেশুদ্ধৈঃ।
গগনব্যাপী ফলদঃ কল্পতরুত্বং কথং লভতে॥

মহারাগ নয়চর্য্যার্থনিষ্যন্দি সাক্ষাৎ প্রমাণানন্যেষাং বিতথজ্ঞানাভি-নিবিষ্টানাং আগ্রহ খণ্ডনার্থং তৃতীয়পদমাহ। এড়ি এড় ইত্যাদি। পশ্চাচ্ছন্দ মোড্ডিয়ানকরণাদিবন্ধস্থিহায় শূন্যতাপক্ষকেতি নৈরাত্মধর্ম্মপাশমিতি সমীপং তদীয়ালিঙ্গনং কুরু। রে সম্বোধনং ভো মোক্ষশীলাঃ।

তথাচ আগমঃ।

এতানি তানি শিখরাণি সমুন্নতানি
সৎকায়দৃষ্টি বিপুলাচলসংস্থিতানি।
নৈরাত্মবোধকুলিশেন বিদারিতাত্মা
ভেদম্প্রয়াতি সহজৈরপি দুঃখ শৈলৈঃ॥

চতুর্থপদেন যথাভূতধর্ম্ম্য মাহাত্ম্যদৃষ্ট প্রত্যয়তামাহ। ভণই ইত্যাদি। আদিসিদ্ধাচার্য্য লূয়ীপাদ বিষয়েন্দ্রিয়বলয়ক্ষাৎ। শ্রীগুরো চতুর্থোপদেশলব্ধা ভ্যাসেন যুগনদ্ধরূপং দৃষ্টং। তথাচ আগমঃ।

ইন্দ্রিয়ানি স্বপন্তীব মনোন্তর্বিশতীব চ।
নষ্টচেষ্ট ইবাত্মাতি কায়ঃ সৎসুখমূর্চ্ছিতঃ॥

ধবনং শশি শুদ্ধ্যালিনা চবণং রবিশুদ্ধ্যা কালিনা। তদু ভাষ্যামাসনং কৃত্বা স্বদেব তাহঙ্ক রোপবিষ্টং সন সাক্ষাৎ কৃতং। তথাচ দ্বিকল্পে।

আলিকালি সমাযোগো বজ্রসত্ত্বস বিষ্টরং ইতি॥

টীকার সূত্রপাত্রের ছন্দটিকে উদ্ধাধনী বাণীবন্ধ বলতে পারি। এর সঙ্গে গীতিকাটির কোনও সম্পর্ক নেই।

এ-টীকায় উদ্ধৃতি আছে কাহ্নপা'র 'দোহাকোষ' থেকে, টীকায় কোথাও বলা হয়েছে 'কৃষ্ণাচার্যপাদের অভিহিতঃ।' একটি উদ্ধৃতি 'রতিবজ্র' থেকে যা মূলতঃ কাহ্নর 'দোহাকোষ' থেকে গ্রহণ করা হয়েছে। একটি উদ্ধৃতি 'সম্পুটোদ্ভবতন্ত্র' থেকে, দুটো উদ্ধৃতির ক্ষেত্রে 'শ্রীসমাজে' কথাটি আছে। একটি উদ্ধৃতির ক্ষেত্রে 'নাগার্জুনপাদের বজ্রডাপে' কথাটি আছে। সরহপার 'দোহাকোষ' থেকে দুটো, 'আগম' থেকে দুটো এবং এবং 'শ্রীহেবজ্র' থেকে দুটো।

টীকাকার 'পঞ্চস্কন্ধে'র কথা বলেছেন, 'বোধিচিত্তে'র চন্দ্রের কথা বলেছেন, 'মহাসুখ চতুর্থানন্দের' কথা বলেছেন, 'সহজানন্দে'র কথা বলেছেন, 'যুগনদ্ধে'র কথা বলেছেন, 'ইন্দ্রিয়নিরোধে'র কথা বলেছেন এবং এ-ধরনের আরও অনেক জটিল তত্ত্বকথা বলেছেন যেগুলোর সহজ অর্থ নির্ণয় করা যায় না। মুনি দত্ত বলছেন যে প্রাকৃত ভাষায় গীতিকার 'শুদ্ধ ধর্মতা পীঠিকা' রচনা করেছেন যেখানে 'গ্রাহ্য-গ্রাহক-গ্রহণ-উপলক্ষিত' কায়ার স্বরূপ বর্ণনা করা হয়েছে। অস্থির মনের মধ্যে কাল প্রবেশ করে বোধিচিত্তগত চন্দ্রকে বিশুদ্ধ করেছে। পরমানন্দ লাভের ইচ্ছায় বজ্র এবং পদ্মের মিলনের কথা গুরুকে জিজ্ঞেস করে মহানন্দকে যোগী জানতে পারবে। এভাবে ক্রমশঃ অগ্রসর হয়ে শূন্যতার স্বরূপকে বোধের নিশ্চয়তায় মুনি দত্ত আনতে চেয়েছেন।

মুনি দত্ত 'কাল' শব্দটি ব্যাখ্যা করেছেন 'রাহু' বলে। তিব্বতী অনুবাদে (Sgra-gcan =)রাহু আনহু। যে-রাহু চন্দ্রকে গ্রাস করে তাকে 'সময়ে'র সঙ্গে তুলনা করা হয়েছে, কেননা সময় চন্দ্রের বিভিন্ন রাশির মধ্য দিয়ে অগ্রসর হয়ে চন্দ্রকে ক্ষয় করে। 'সমাধি'র অর্থ করেছেন মহাসুখ-অভিঘাত বলে।

দ্বিতীয় গীতিকা

তমেব মহাসুখরাজানং স্বানন্দাসবপান প্রমোদমনসা কঙ্কুরীপাদাঃ সন্ধ্যা ভাষয়া প্রকটয়িতুমাহুঃ। দুনীত্যাদি। দ্বয়াকারং যস্মিন্ লীনং গতং মহাসুখকমলং। দুলি সন্ধ্যাসঙ্কেতে বোদ্ধব্যং। কর্ম্মমুদ্রাপ্রসঙ্গাৎ আনন্দাদিক্রমদ্বারেণ তস্য দোহনং সংবৃত্তি বোধিচিত্তং তৎ অবধূতীমার্গেণগত্বা পীঠকে বজ্রমণৌ পতৎ ধরণং যাতি। বলিযোগিনস্তস্য ধরেণ ন সমর্থাঃ। তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ

এহ সে দুধরণ ধরণিধর সমবিষম উত্তারণ পাবই।
ভণই কাহ্ন দুল্লক্ষ্যা দুরবগাহ কো মনে পরিভাবই॥

তস্মাৎ গুরুপারম্পর্যক্রম জনিত যোগীন্দ্রাঃ কায়বৃক্ষস্য ফলং তদেব বোধিচিত্তং চিঞ্চ্যাফলবৎ বক্রং। কুম্ভীরমিতি। বিলক্ষণ পরিশোধিত কুম্ভকসমাধিনা স্বানুভবক্রমেণ চ তস্য ভক্ষণং নিঃস্বভাবীকরণং কুর্ব্বন্তি। ধ্রুবপদেন দৃঢ়ীকুর্ব্বন্নাহ অঙ্গনমিতি। ব্যুত্থানবাতমুৎ প্রেক্ষাপ্রবেশঞ্চ বোদ্ধব্যং। বিআতীতি আত্মনি পরিশুদ্ধাবধূতীরূপ-মধিমুচ্য যোগীন্দ্রো বদতি ভোঃ পরিশুদ্ধাবধূতীকে শৃণু প্রথমং বজ্রজাপোপদেশেন বিরমানন্দা বধূতী গৃহমুভয়ং নয়। তস্মিন্ গৃহে পুনরর্দ্ধরাত্রৌ চতুর্থী সন্ধ্যায়াং কানেট ইত্যাদি। তদেব প্রবেশাদিবাতদোষভয়ং সহজানন্দচৈরেণ হৃতং।

দ্বিতীয় পদেন তমেবার্থং প্রতিনির্দেশয়তি। সসুরেত্যাদি। ত্বরিতাদিস্বাসং চতুর্থান যোগনিদ্রাং নীত্বা হয়ধূতী শব্দ সন্ধায়া অনাদি ভববিকল্পথ্য ধূত্বা প্রকৃতি পরিশুদ্ধাবধূতীরূপেন যোগিন্যোপাহন্নিশং জাগরণং কুর্ব্বান্ত। কানেট্ট প্রভাস্বরচোরেণ প্রবেশাদিবাতদোষা যদা নীতস্তদা গ্রাহ্যাদ্যভাবে যোগীন্দ্রো দশদিশি ক্বাপি কিঞ্চিন্ন প্রার্থয়তি। দ্বিতীয় পরিশুদ্ধাবধূতীভেদেন, সত্যদ্বয়স্যানুশংসামাহ দিবসই ইত্যাদি। মৃদ্বাদ্যধ্যাসয়ে ভেদেন সাহবধূতীকা সংবৃত্যা শুক্ররূপেণ ত্রৈলোক্যং নির্ম্মায় পুনঃ স্বয়মেব দ্বিবাদিস্তান মুৎপাদ্য। কাড়ই ইতি। কায়কানপুরুষায় বিভেতি সন্ত্রস্তা ভবতি।

তথা চা মঃ।

যথা চিত্রকরো রূপং যক্ষসত্ত্বভয়ঙ্করং।
সমালিখ্য স্বয়ং ভীতঃ সংসারে হ্যবুধস্তথা॥

রাত্রীতি। প্রজ্ঞাজ্ঞানেন প্রকৃতি পরিশুদ্ধবধূতিকা পঞ্চস্কন্ধাদীন্ অভিষিচ্য। কামরূ রিতি। স্বয়মেব মহাসুখচক্র স্বস্থানে নির্বিকল্পং গচ্ছতি। তথা গমঃ।

স্বস্থানস্থঃ সহজপবনঃ কল্পনাজাল মুক্তঃ
শান্তস্তোষং কিমপি জনমত্যেষ শূন্যস্বভাবঃ।
অস্মাদ্ গুর্ব্বাহিতব হুকৃপোপায়হেতোরবাধ্য—
সংসারেহস্মিন্ প্রভবতি সদানন্দ সত্ত্বার্থকৃত্যঃ॥

অতিদৌর্লভ প্রতিপাদনা চতুর্থপদমাহ। অইসনীত্যাদি। ঈদৃশ্যহীব নিষ্প্রপঞ্চচর্য্যা যোগীন্দ্রস্য স্থিতিব্বিহরণাদিকং কুক্কুরীপাদেনবাভিহিতং। অস্যার্থো যোগীকোটীনাং মধ্যে যদ্যেক যোগিহৃদয়েহন্তর্ভবতীতি।

তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ।

লোঅ গব্ব সমুব্বহই হউঁ পরমহথ্থ পবীণ।
কোড়িঅ মঝেঁ একু জই হোই নিরঞ্জনলীন॥

এখানকার টীকায় কাহ্নর 'দোহাকোষ' থেকে দুটো উদ্ধৃতি আছে। প্রথম উদ্ধৃতি মূল পাঠ থেকে কিছুটা ব্যতিক্রম। মূলে আছে—

'এহ সুদুক্কর ধরণি-ধর সম-বিসম উত্তরা
ন পাবঈ।
ভণঈ কাহ্ন দুল্লক্খ দুরববাহ কো মনে
পারিভাবঈ'॥৮

আগম থেকে দুটো উদ্ধৃতি আছে।

টীকায় বলা হয়েছে যে মহাসুখকমলে দ্বৈততা বিনষ্ট হয় এবং 'দুলি' হচ্ছে মহাসুখকমলের প্রতীক। 'পিঠা' হচ্ছে 'বজ্রমণি'। কুন্তীর

হচ্ছে 'কুম্ভক-সমাধি'। 'তেন্তলি' হচ্ছে 'বোধিচিত্ত', 'বিআতী' হচ্ছে অবধূতী, কানেট হচ্ছে 'প্রবেশাদিবাতদোষা,' 'বহড়ী' হচ্ছে 'অবধূতী' এবং এভাবে আরও অনেক তত্ত্বগত ব্যাখ্যা এসেছে।

এখানে গীতিকাটির সহজ শব্দগত অর্থ মূলতঃ অর্থহীন অর্থাৎ প্রহেলিকাপূর্ণ। তাই মুনি দত্তের টীকাকে একটি সম্ভাব্য বিবেচনা হিসেবে গণ্য করা যায়। অবশ্য মুনি দত্তের টীকাও একটি দুরূহ এবং জটিল বিশ্লেষণ-আরোপিত।

একটি গৃহের স্বভাব, স্বাচ্ছন্দ্য, শঙ্কা এবং কাম-মোহ অপূর্ব ব্যঞ্জনায় গীতিকাটিতে প্রকাশ পেয়েছে। যুবতী বধূ স্বামীর সংসারে প্রবেশ করে দিবসে শ্বশুর-শ্বাশুড়ীর সান্নিধ্যে থাকে কিন্তু বিবাহিত জীবনের নবলব্ধ অভিজ্ঞতার কারণে কামতৃষ্ণায় আকুল থাকে। অবশেষে রাত্রিতে কামের নিবৃত্তি ঘটে।

তৃতীয় গীতিকা

পরিশুদ্ধভেদেন তামবধূতিকাং বিরুআপাদাঃ পরমকরুণাম্রেড়িতমনসা নিঃসংশয়ং প্রকটয়িতুমাহুঃ এক সে শুণ্ডিনীত্যাদি। এককা ষটপথ-যোগাৎ সা অবধূতিকা শুণ্ডিনী ঊর্দ্ধনাসা ঘন্টিকারন্ধ্রে চন্দ্রসূর্য্যৌ বাম-দক্ষিণী প্রৌঢ়যোগী বলবন্তৌ দ্বৌ সন্ধয়তি মধ্যমায়াং প্রবেশয়তি। এতেন স্বাধিষ্ঠানং দ্রঢ়য়তি। পুনঃ স্বয়মেব আগত্যাধেনাসায়াং বজ্রমণি-শিখরশুসিরে বোধিচিত্তং বিন্দুমবিদ্যাবীজদ্বেষকল্করহিতেন প্রভাস্বরেণ গুরূপদেশাদভিসন্ধ্যা বারুনীতি সুখপ্রমোদত্বাৎ বোধিচিত্তং বন্ধয়তি।

ধ্রুবপদেন পরমার্থ বোধিচিত্তং দৃঢ়ীকুর্ব্বন্নাহ সহজেতি। বজ্রগুরু-প্রসাদাৎ বিরমানন্দেন সহজানন্দং স্থিরীকৃত্য ভো বালযোগিন্। বারুণীতি সন্ধ্যাবচনেন তদেব সংবৃত্তিবোধিচিত্তং বোদ্ধব্যং। তস্য বোধিচিত্তস্য স্বাধিষ্ঠান গতস্যাক্ষরতাসুখপাশেন বন্ধনং কৃত্বা যেনাভ্যাসবিশেষণাহজ-রামরত্বং দৃঢ়স্কন্ধং লভসে তৎ কুরু। তথাচ যোগরত্নমালায়াং।

দৃঢ়ং সারমশৌষীর্য্যমচ্ছেদ্যাভেদ্যালক্ষণং।
অদাহী অবিনাশী চ শূন্যতা বজ্র উচ্যতে॥

পদন্তরেণাস্য প্রতিনির্দ্দেশমাহঃ দশমীত্যাদি। বৈরোচনদ্বারেহপি মহারাগ-সুখপ্রমোদচিহ্নং দৃষ্ট্বা গন্ধর্ব্বসত্ত্বো হি স্বয়মেবাগত্য তেন দ্বারেণ প্রবিশ্য মহাসুখকমলরসপানেন সূচিত প্রীণনং করোতি। তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ।

এবংকার বী অলই কুসুমিঅ অরবিন্দ হো
মহঅররূপং সুরঅবীর জিংঘই মঅরন্দ।
ভণই কাহ্ণু মণ কহবিণ ফিট্টই
নিচল পবণ ঘরণি ঘরে বট্টই॥

চতুর্থোপদেশমাহ এক ঘড়ুলীত্যাদি। সৈব পূর্ব্বোক্তাবধূতিকা সংবৃতি-পরমার্থসত্যাদ্বয়ং ঘটতীতি কৃত্বা ঘটী আভাসদ্বয়নিরোধাৎ সূক্ষ্মরূপা। বিরুআপাদাঃ এবং বদন্তি। তয়া শুক্লনাড়িকায়া গুরোরুপদেশাৎ তমপতিতং বোধিচিত্তং স্থৈর্য্যং কৃত্বা নিস্তরঙ্গরূপেণ চালয়। তথা সেকোদ্দেশে।

যাবন্নো পততি প্রভাসস্বরময়ঃ শীতাংশুধারাদ্রবো
দেবী পদ্মদলোদরে সমরসী ভূতো জিনানাং গণৈঃ।
স্ফুর্জ্জদ্বজ্রশিখাগ্রতঃ করুণয়াভিন্নং জগৎকারণং
গচ্ছেদ্ধী করুণালয়স্য সহজং জানীহি রূপং বিভোঃ।

এখানকার টীকায় প্রয়োজনীয় ব্যাখ্যাসূত্রে উদ্ধৃতি এসেছে 'যোগরত্ন-মালা' থেকে, কাহ্নর 'দোহাকোষ' থেকে এবং 'সেকোদ্দেষে' থেকে। এখানে উদ্ধৃত কাহ্নর 'দোহাকেষে'র দুটি পদদ্বৈতের মধ্যে দ্বিতীয় পদ-দ্বৈত বা কাপলেট মূলে নেই।[৯]

টীকায় 'ডঙিনীর' ব্যাখ্যা হয়েছে 'অবধূতী', 'দুইঘর' হয়েছে 'সূর্য' এবং 'চন্দ্র', 'বারুণী' হয়েছে স্বাধিষ্ঠানচক্রে স্থির অবস্থিতির কারণে বোধিচিত্ত লাভ। চৌষট্টি ঘড়া হয়েছে নির্মাণচক্র ইত্যাদি।

গীতিকাটিকে একটি সামাজিক চিত্রাঙ্কন হিসেবে গণ্য করা যায়, আবার রূপকগত কারণে যোগপ্রকরণের অবলম্বন হিসেবে সুনিশ্চয় করা যায়।

মুনি দত্ত 'চিহ্ন'কে বলছেন 'মহারাগ-সুখ-প্রমোদ' 'চিহ্ন'। এ-চিহ্ন দেখে সাধক এলো 'মহাসুখ-কমলরস' পানের জন্য। চৌষট্টি ঘটকে, মুনি দত্ত বলছেন 'নির্মাণচক্রের চৌষট্টি দল।'

চতুর্থ গীতিকা

তমেবার্থং শ্রীহেরুক চর্য্যাগমেন গুরুরীপাদা অন্যেষু নিঃস্বভাবং প্রতি-পাদয়ন্তি তিঅড়েত্যাদি। ললনা রসনা অবধূতিকা নাড্যঃ ত্রিনাড্যং চাপযিত্বা নিরাভাসীকৃতা সৈব। পরিশুদ্ধাবধূতিকা নৈরাত্ম্যযোগিনী। অঙ্কংবালীতি। অঙ্কং স্বচিহ্নং সাধকায় দদাতি তং পালয়তি চ। অথবা বিচিত্রাদি লক্ষণযোগেনানন্দাদিক্রমং দদাতি। পুনস্ সৈব ভাবকস্যা বিরতাভিযোগাদাশ্বাসং দদাতি। কমলকুলিশমিতি। ভো গোগিবর সম্যক্‌কুলিশাব্জ সংযোগঘূর্ণেতী আনন্দসন্দোহতয়া। বিকালিমিতি কালরহিতাং মহামুদ্রাং সিদ্ধিং সাক্ষাৎ কুরু। অতএব মহাসুখং ন্যং-পটোহহং ভাবকঃ॥ এবং বদতি। ভো নৈরাত্ম্যযোগিনি ত্বয়া বিনা ক্ষণৈকং দুর্ব্বারবেগচপলত্বাৎ। প্রাণবাতধারণে ন সমর্থোহহং। তথাচ আগমঃ।

উৎপাদস্থিতি ভঙ্গেষু অন্তরাভব সংস্থিতিঃ।
যাবতী কল্পনা লোকে বায়ুশ্চিত্তবিজৃম্ভিতং॥

তব বক্ত্রং সহজানন্দং পুনশ্চুম্বয়িত্বা কমলরসমিতি ঊষীষকমল-মধুমদং পরমার্থবোধিচিত্তং গুরুসম্প্রদায়াদ্বি-রমানন্দকালিঞ্জরসময়ে করোমী। তথা চ শ্রীহেবজ্রে

অভবাং ডিণ্ডমং প্রোক্তং ভবাং কালিঞ্জরম্ম

পদান্তরেণ যোগিন্যনুশংসামাহ। ক্ষেপেত্যাদি। ক্ষেপাৎ স্বস্থানযোগাৎ। সা বোধিচিত্তরূপা নৈরাত্ম্যযোগিনী বিলক্ষণ শোধিতাহনন্দেন মনিমূলেন মোহমলাবলিপ্তা ভবতীতি। পুনস্তস্মিন্ ক্রীড়ারসমনুভূয় মণিমূলাদূর্দ্ধং গত্বা গত্বা মহাসুখচক্রে অন্তর্ভবতীতি। অতঃ কৃষ্ণাচার্য্যপাদৈরভিহিতং॥

এহ সো গিরিবর কহিঅ মই এহ সে মহাসুব ধাব।
এককুর অমি মহ সহজ খণ্ড লবভই মহাসুহ জাব॥

তৃতীয়পদেন পরিশুদ্ধিমাহ সাসু ইত্যাদি। প্রথমং তাবৎ যোগীন্দ্রেণ দেবতাযোগপূর্ব্বকং কায়বজ্র দৃঢ়ীকৃতা বজ্রাজাপোপদেশেন চন্দ্রসূর্য্যয়োঃ পক্ষগ্রহং খণ্ডয়িত্বা বাগ্ বজ্রং স্থিরীকৃত্য চিত্তবজ্রদৃঢ়ীকরণায় সা বিরমানন্দবধূতিকা সহজানন্দৈকরোলীভাবং শ্বাসমাগারং সুমেরু-শিখরং নীত্বা। কুক্ষিকেতি। তালসংপুটীকরণে মণিমূল দ্বারনিরোধং কর্ত্তব্য মাত্মানং সংবোধ্য স্বয়মেব বদত্যনুপূর্ব্বিকাং। তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ।

জহি মণ পবণ পসরণ দুআরে দিঢ়তালা বি দিজ্জই।
জই তসু ঘোর অন্ধারে মণি দিহো কিজ্জই॥
জিন পরুআণ উআরেঁ বজই অম্বরু ছুপ্পই।
ভণই কহ ভব ভুঞ্জন্তে নিব্বাণ বি সিজ্ ঝই॥

বজ্রাপম সমাধিসাক্ষাৎকারণেন সিদ্ধাচার্য্যো হি গুণ্ডরী স্বয়মেব অনুসংসামাহ। ভণ ইত্যাদি। অনেষাং সম্প্রদায়বহির্মুখ যোগিণী-যোগিনাং মধ্যে কুন্দুরেণ। দ্বিন্দ্রিয়সমাপত্তিং যোগাক্ষরসুখেণ ক্লেশারি-মর্দ্দনাদ্বী রোহহং। পুনরপি তেষাং মধ্যে। চীরামিতি। যোগীন্দ্রচিহ্ন-মষ্টগুণৈশ্বর্য্যাদিময়োদ্ধৃতমভিজ্ঞাসন্দর্শনার্থং।

এখানকার টীকায় কাহ্নর 'দোহাকোষ' থেকে দুটো উদ্ধৃতি, 'আগম' থেকে একটি এবং 'হেবজ্রতন্ত্র' থেকে একটি উদ্ধৃতি ব্যবহৃত হয়েছে।

টীকায় 'যোগিনী'কে 'নৈরাত্মা' বলা হয়েছে, 'রস'কে বলা হয়েছে 'বোধিচিত্ত' 'পদ্ম'কে 'উষ্ণিশ,' 'সাসু' অর্থাৎ শ্বাশুড়ী হয়েছে 'সুমেরু' এবং এরকম তত্ত্বারোপ আরও আছে।

এ-চর্যাটি মূলতঃ যোগসাধনার নির্দেশসূত্রে রচিত, তাই মুনি দত্তের টীকার সাহায্য ছাড়া এর ব্যাখ্যা করা সম্ভবপর হয়না। অবশ্য এখানেও সামাজিক স্বভাব, কর্মসাধন এবং আচরণবিধির বিশিষ্টার্থক উল্লেখ আছে।

মুনি দত্ত 'তিঅড়া'র অর্থ করেছেন, 'ললনা-রসনা-অবধূতিকা' নাড়ি বলে অর্থাৎ 'ত্রিনাড়ীম'। আবার যোগ-প্রকরণে 'ত্রিপুঠক' বা

ত্রিভুজাকৃতি যোনিও বুঝায়। তিব্বতী অনুবাদক এ-অর্থই করেছেন--Ka-mgo। হঠযোগের পুরুষ ও রমণীর যৌন-মিলন মাধ্যমে যে আত্মবিস্মরণ এ-গীতিকায় তার ইঙ্গিত আছে।

পঞ্চম গীতিকা

তমেব যথাভূতার্থজ্ঞাতিল্লপাদাঃ। শব্দান্তরেণ প্রকটয়ন্তি। ভবণঈ ইত্যাদি। পূর্ব্বোক্ত ললনারসনাদ্যাভাষএয়ং পারাবরগম্ভীরত্বেন নদীসন্ধ্যায়া বোদ্ধব্যং। দিবারাত্রৌ চ সন্ধ্যায়াং বিষয়োল্লোলমুৎপদ্যতে বিনশ্যতি চ। অতএব গহন ভয়ানকং। প্রকৃতিদোষাদ্ গম্ভীরং। যটপথদ্বারেণ মূত্রপুরীষাদিকং চ প্রবহতীতি। অতএব অন্তদ্বয়ং পারাবারং বামদক্ষিণং চিখিলমিতি প্রকৃতি-দোষপঙ্কানুলিপ্তং। মধ্যে তস্যা থাহং। অবধূত্যাঃ প্রমাণ স্বরূপং কর্ত্তুং ন পার্যতে বালযোগিনা।

ধ্রুবপদেন চতুর্থানন্দমুদ্দীপয়ন্না। ধর্ম্মার্থং স্বলক্ষণাধারণাৎ ঘটপট-স্তম্ভকুম্ভাদিভূতবিকারঃ তস্য স্বরূপেন নাস্তি রূপমিতি। শ্রীহেরুক-তন্ত্রতত্ত্বপটলোক্তবিচারানুপলম্ভতয়া। চাটিলসিদ্ধাচার্য্যাঃ। শক্রমমিতি সংবৃত্তিপরমার্থয়োরৈক্যং গুরু সম্প্রদায় ঘটয়তি। তথা চ সরহপাদাঃ।

সুণ করুণ জো পুণু জোহ নবেন বিকসই
ণো ভব ণো নিব্বাণে থক্কই।
অহবা কেবল করুণা ভাবই
জন্ম সহস্রেঁ মোক্খন পাবই ॥

অনেন সিদ্ধাচার্যেপায়েন মোক্ষাৎ সুকা যে যোগিনঃ। তেপি নিয়তং সংসার সমুদ্রস্য পারঞ্চচ্ছন্তীতি। পরান্তরেণোক্তার্থ ব্যক্তিকরণমাহ ফাড়ি অ ইত্যাদি। মোহতরুং বিষয়ং ব্যাবৃতিবিশাৎ তমেব সংবৃতি-বোধিচিত্তবৃক্ষং পাটয়িত্বা তস্য বিষয়প্রহং খণ্ডয়িত্বা সততীলোকং পাটকেন সহ একীকরণং ঘটয়তি। পুনরস্য ফলপ্রতিপাদয়তি যুগনদ্ধ পরশুনা দৃঢ়ং করোতীতি।

তৃতীয়পদেন মার্গস্যানুশংসামাহঃ। সঙ্কম ইত্যাদি। স্বাধিষ্ঠান-প্রভাস্বরয়োরৈক্যং সংক্রমং জিনস্য সত্ত্বানাং সংসারসমুদ্রপারকরণায়।

ভো যোগিনঃ। তত্রারূঢ়ে সতি বামদক্ষিণ চন্দ্রসূর্য্যা ভাসৌ পূর্ব্বং বজ্রজাপং নিরোধাৎ পুনরপি পশ্চাদ্‌ভাব মা চিন্তায়িষার্থ। এতেনা-ভ্যাসবশেন বোধিমহাসমুদ্রাসিদ্ধি র্ন দূতরা। অতীবসন্নিহিতেব ততো বিমার্গং মায় তথা দূরং মা গচ্ছথেত্যর্থঃ। যোগাস্পদেন চতুর্থপদমাহ জই তুম্‌হেত্যাদি। আভাসত্রয়মহামোহনদ্যাঃ পারগমনং ভবীষ্যতে ভো যোগিনস্তদা সিদ্ধাচার্য্যোপদেশপারম্পর্য্যেণানুত্তরধর্ম্ম স্বামিনমাহ। পৃচ্ছথেতি। অতএব সহজানন্দোপদেশং জানাম্যহং নিশ্চিতমিতি। অন্য যোগিনস্তথাবিধন্ন জানন্তি পুস্তকদৃষ্ট গর্ব্বত্বাৎ। তথাচ কৃষ্ণাচার্য্যপাদৈর-ভিহিতম।

সহ এক্কু পব অস্থিতাহিং ফুড় কাহ্ন পরিজাণই।
বহ সব্বাগম পড়ই শুণই বট্ট কিম্‌পি ণ জাণই॥

বর্তমান টীকায় সরহর 'দোহাকোষ' এবং কাহ্নর 'দোহাকোষ' থেকে দুটো উদ্ধৃতি আছে।

এখানে 'ভবণঈ'কে তিনটি 'নাড়িশক্তি' হিসেবে ব্যাখ্যা করা হয়েছে। 'দুআন্তে' অর্থাৎ দু তীরের অর্থ করা হয়েছে 'ললনা' ও 'রসনা' বলে। 'লোঅ' অর্থাৎ লোকের অর্থ করা হয়েছে মুক্তিকামী 'যোগিন' বলে। 'তরই' অর্থাৎ পার হওয়াকে বিস্তারিত ব্যাখ্যায় বলা হয়েছে 'সংসার সমুদ্র পার হয়।' 'মোহতরু'কে ব্যাখ্যা করা হয়েছে 'বোধিচিত্ত' বলে এবং এ-রকম আরও অনেক।

গীতিকাটিতে নৌকো এবং নদী পারাপারের রূপক ব্যবহার করে নদীমাতৃক একটি সমতল দেশের বিবরণকে সুস্পষ্ট করা হয়েছে। এ-গীতিকার তত্ত্বটি সরল এবং মরমী লোকগীতিতে রূপকের ব্যবহার হিসেবে এখনও পাওয়া যায়।

মুনি দত্ত বলছেন যে প্রকাশ-প্রতিবন্ধকতা বা অস্বচ্ছতা রূপ প্রকৃতি-দোষের কারণে মানুষ অকল্যাণে নিমগ্ন থাকে। প্রজ্ঞা ও যথার্থ সমীক্ষার সাহায্যে যখন তথাকথিত পার্থিব বস্তুস্বরূপ ধ্বংস হয়, তখন ধর্মের চতুর্থানন্দ উদ্দীপনে যোগী পরমার্থকে পায়। মুনি দত্ত 'ধার্মে'র

অর্থ করেছেন 'ভূতবিকার' বলে এবং তিব্বতী অনুবাদে 'ধাম' হয়েছে Chos-dbyins অর্থাৎ ধর্মধাতু। তিব্বতী অনুবাদে 'অনুত্তরস্বামী' 'অনুত্তরবোধি' হয়েছে (bla-med leyan-chub)।

ষষ্ঠ গীতিকা

তমেবার্থং পরার্থায় করুণান্দোলিতচিত্তেন ভুসুকুপাদো হরিণাশব্দ সন্ধ্যাভাষয়া কথয়তি কাহেরেত্যাদি। অনাদিকালমাদায়াসং প্রজন্যদোষেণ মৃত্যুমারবিষাবেষ্টিতঃ সন মারমারতি হাকং মম চিত্তহরিণেন শ্রুতং। ইদানীং গুরুচরণরেণু প্রভাবাৎ তং বিহায় সর্ব্বধর্ম্মানুপলংভয়তা গ্রাহ্য-গ্রাহকাভাবত্বাৎ ক্বাপিগৃহীত্বা মুক্তা স্থিতোহহম।

ধ্রুবপদেন দূয়তি। অপণেত্যাদি অত এবং স্বয়ং কৃতাবিদ্যামাৎ সর্য্যদোষেণ চাঞ্চল্যতয়া পুঃ স এব চিত্তহরিণঃ সর্ব্বেষাং বন্ধবৈরী ক্ষণমপি চিত্তং চিত্তহরিণং বিহায় ভুসুকুপাদাহখোটিকঃ। সদগুরু-বচনবাণেনান্যং প্রহরতি। তমেবমিতি। তথাচ বোধিচর্য্যাবতারে—

ইমং চর্ম্মপুটং তাবৎ স্ববুদ্ধ্যৈব পৃথক্ কুরু।
অস্থিপঞ্জরতো মাংসং প্রজ্ঞাশস্ত্রেণ মোচয়॥
অস্থীন্যাপি পৃথক্ কৃত্বা পশ্যন্ জ্ঞানমনন্তঃ।
কিমত্র সারমস্তীতি স্বয়মেব বিচারয়॥

চিত্তহরিণস্য নিঃসংশয়ং প্রতিপাদনায় আহ। তিণ ন খণ্ডই ইত্যাদি। যথা বাহ্যৈমৃগৈস্তৃণচ্ছেদনির্ঝরপানং ক্রিয়তে। তদ্বচ্চিত্ত হরিণস্য করোতি। বিশিষ্য বিচারস্বরূপেণ তয়োশ্চিত্ত পবনয়োন্নিলয়ন্নিবাস ইন্দ্রিয়দ্বারেণ নাবগম্যতে। তথাচ কৃষ্ণাচার্য্যপাদৈরভিহিতং দোহাকোষে—

বরগিরিশিহর উতুঙ্গ থলি শবরেঁ হি কিঅ বাস।
নৌ লংখিয় পঞ্চাননেহিঁ করিবর দূরি নিবাস॥

তৃতীয়পদেন কায়পবনবিষয় পল্লবোপসংহারমাহ। হরিণীত্যাদি। বিষপান ভব গ্রহান্ হরতি খণ্ডয়তি হরিণীতি সন্ধ্যাভাষয়া সৈব জ্ঞানমুদ্রা

নৈরাত্মা ভাবকস্যাভ্যাসপ্রকর্ষবশাৎ আশ্বাসং ভো চিত্তহরিণ অস্য কায়বনস্য কায়গ্রহং বিহায় ষণ্মহাসুখকমলবলবনং গত্বা বিভ্রান্তিবিকল্পৈশ্চচারঃ। তথাচ সহজসম্ভরে।

সর্ব্বব্যাপি নিরাভাষি করুণৈকরসং মনঃ।
আলিঙ্গতি ঋটিত্যেষা বৃষস্যন্তী চ শূন্যতা॥

চতুর্থপদেনাধিমাত্রাধিমাত্রস্যানুসংসামাহ॥ তরঙ্গতে হরিণা ইত্যাদি। সহজজ্ঞানাববোধেন যোগিনস্তস্য স্বচিত্তহরিণস্যাবয়বাদিবিকল্পন কল্পয়তি। যেঽপি বহিঃ শাস্ত্রাগমাভিমানিনঃ পণ্ডিতা তেপ্যস্মিন্ ধর্ম্মে সংমূঢ়া দূরতরাঃ। ভুসুকুপাদসিদ্ধাচার্য্যো হি বদতি। তেষাং হৃদয়ে কিঞ্চিৎ জ্ঞানালীনভামাত্রন্ন ভবতীতি। যদুক্তং ভগবতা চতুর্দেবী পরিপৃচ্ছা-মহাযোগতন্ত্রে।

চতুরাশীতিসাহস্রং ধর্ম্মস্কন্ধে মুনেঃ।
তত্ত্বং যেন জানন্তি তে সর্ব্ব নিস্ফলায় বৈ॥

এখানকার টীকায় একটি উদ্ধৃতি 'বোধিচর্য্যাবতার' থেকে, একটি কাহ্ন'র 'দোহাকোষ' থেকে, একটি 'সহজসম্ভার' থেকে এবং অন্য একটি 'মহাযোগতন্ত্র' থেকে।

মুনি দত্ত 'হরিণের' ব্যাখ্যা করেছেন 'চিত্ত' বলে এবং হরিণী 'নৈরাত্মা'। এ-গীতিকায় তত্ত্বটি যে রকমই হোক, ব্যাধের জীবনের একটি উপ-করণের উল্লেখ এখানে আবিষ্কার করা যায়। একটি তত্ত্ব মুনি দত্ত অপূর্বভাবে ব্যাখ্যা করেছেন। বলেছেন, মৃত্যুর দ্বারা আমরা অধিকৃত এবং বেষ্টিত। চতুর্দিকে মৃত্যু মৃত্যু শব্দ উচ্চারিত হচ্ছে। এ-অবস্থায় চিত্ত দেহরূপ বনভূমি পরিত্যাগ করে মহাসুখপদ্মের বনাঞ্চলে বিক্ষুব্ধ চিত্তায় সময় যেন না কাটায়।

সপ্তম গীতিকা

জগদর্থ করুণা ভারস্তিমিত হৃদয়ঃ কৃষ্ণাচার্য্যপাদাস্ত মেবার্থং বিশেষয়ত আহুঃ। আলীত্যাদি। উক্তার্থস্যদেবতাযোগপূর্ব্বক বজ্রজ্ঞাপোপদেশং লব্ধা

কৃষ্ণাচার্য্যোগালিনা লোকজ্ঞানেন কালিনা লোকভাসেন চ একীকৃত্যাধৃতী-মার্গং দৃঢ়ং রুদ্ধতং পুনঃ সদ্গুরুপ্রসাদাৎ প্রকৃতি পবিশুদ্ধাবধৃতিকা-রূপেণ কৃষ্ণাচার্যপাদা বিশিষ্ট মনসো ভূতাঃ। কাহ কহিঁ গই ইত্যাদি।

ধ্রুবপদেন নিজ বাসারোপণখণ্ডনমাহুঃ। স্বয়মেবাত্মানং সম্বোধ্য বদন্তি ভোঃ কৃষ্ণাচার্য্যপাদাঃ 'ব্যাপ্যব্যাপকরূপেণ সুখেন ব্যাপিতং জগদিতি।' শ্রীমদ্ধেরুকতুম্বরাক্তোর্থা মামুখীকরণাৎ কুত্র স্থানে অস্মাভিন্নিবাসঃ করণীয়ঃ স তন্ময়ত্বাৎ। যেহপি যোগিনো মনোগোচরা মনোদ্রিয়বোধ-প্রধানা ভবন্তি তেহপ্যস্মিন্ ধর্ম্মে উদাসাঃ স দূরতরা এব। তথাচ সরহপাদাঃ।

জাহি মণ পবণ ন সঞ্চরই রবি শশি নাহি পবেশ।
তহি বট চীত্র বিসাম করু সরহেঁ কহি উবএস॥

দ্বিতীয়পদেন তং দ্যোতয়ন্ত আহুঃ তে তিনি ইত্যাদি। বাহ্যে স্বর্গমর্ত্ত-রসাতল মধ্যাত্মে কায়বাক্চিত্ত দিবারাত্রি-সন্ধ্যাযোগযোগিনীতন্ত্রাদিকং বোদ্ধবাং। এতৈরন্যোন্যং। মহাসুখব্যাপকত্বেন ভেদোপলব্ধিলক্ষণং নাস্তি যোগিনাং পরমার্থবিদাং তথাচ আগমঃ---

'স্বর্গমর্ত্তপাতালম একমূর্ত্তি ভব্যে ক্ষণাৎ।'

ইতি বচনাৎ। এতদর্থ চর্য্যাপাদেনোক্ত মস্তি---আতেঁ তিসেঁ নব তিসিঁ এঁ তিত্র মণ্ডল নাহি বিসেষে। ইত্যাদি। বিস্তরং সকলধর্ম্মাধিগমনেন কৃষ্ণাচার্য্যপাদা বদন্তি। ভববিকল্পছেদকা বয়মিতি। তৃতীয়পদেন স্বকীয়া-নুশংসামাহুঃ জে জে ইত্যাদি। যে যে ভাব উৎপন্নাস্তে তে ভাবা বিলয়ঙ্গতাঃ এষামুৎপাদভঙ্গেষু সংবৃতিসত্যস্বভাবপরিজ্ঞানেন গুরুপ্রসাদত্বাৎ কৃষ্ণা-চার্য্যচরণা বিশিষ্টমনসঃ পরিশুদ্ধভূতাঃ। তথাচ আগমঃ---

ভবস্য এব পরিজ্ঞানে নির্ব্বাণ ইতি কথ্যতে।'

চতুর্থপদেন চাত্মানুশংসামাহুঃ। হেরি সে ইত্যাদি। স্বয়মাত্মানং সম্বোধ্য বদন্তি ভো কৃষ্ণবজ্রপাদাঃ পঞ্চক্রমানুপূর্ব্বা পুনর্জিনপুরং মহাসুখ-পুরং অতীব মম সন্নিহিতং বর্ত্ততে তথা চ নাগার্জ্জুনপাদাঃ।

উৎপত্তিক্রম সংস্থানাং উৎপন্নক্রমকাঙ্ক্ষিণাং।
উপায়শ্চেষ সংবুদ্ধৌ সোপানমিব নির্ম্মিতঃ॥

এখানে উদ্ধৃতি এসেছে কাহ্নর 'দোহাকোষ' থেকে, সরহর 'দোহাকোষ' থেকে, 'আগম' থেকে এবং নাগার্জুন থেকে।

এখানে ব্যাখ্যাসূত্রে অনেকগুলো তান্ত্রিক শব্দ এসেছে, যেমন 'আলোকজ্ঞান', 'আলোকাভাস,' 'অবধূতী' ইত্যাদি। 'আলি' হচ্ছে 'আলোক-জ্ঞান' বা গুণ-রক্তিসহ স্বর-বর্ণ এবং অ-কার ও আ-কার যুক্ত য ব ব ল ই। কালি হচ্ছে 'আলোকাভাস' বা অ-কার ও আ-কার যুক্ত অন্য সব ব্যঞ্জনবর্ণ। 'তে তিনি' বা তারা তিন হচ্ছে 'স্বর্গ, মর্ত্য, পাতাল'; 'কায়, বাক্, চিত্ত; 'দিবা, রাত্রি, সন্ধ্যা,; 'যোগ, যোগিনী, তন্ত্র'।

অষ্টম গীতিকা

পরমকরুণানন্দমুদিত হৃদয় কম্বলাম্বরপাদা করুণাব্যাজেনমেবার্থং দ্যোতয়ন্ত আহঃ সোণেত্যাদি। করুণেতি সন্ধ্যাভাষয়া তমেব বোধিচিত্তং নাবীতি উৎপ্রেক্ষালঙ্কারপরং বোদ্ধব্যং। তাং তাদাত্ম্যতয়া সর্ব্বাকারু-বরোপেত শূন্যতয়া সদগুরু প্রসাদর সংপূর্য মহাসুখচক্রগমনসমুদ্রোদ্দেশে নাত্মানং সংবোধ্য সিদ্ধাচার্য্য কমলাম্বরপাদা বাহয়ন্তি।

রূপেত্যাদি রূপবেদনাসংজ্ঞা সংস্কার বিজ্ঞানীদীনামনেন স্থানভেদং নাস্তি। সর্ব্বমেব তন্ময়ত্বাৎ। এতেন চতুর্থোপায়নোবাহনেন বিন মম সিদ্ধাচার্যস্য গতং জন্মান্তরং ব্যাঘুটতীত্যর্থঃ। ইত্যাত্মানং সম্বোধ্য বদতি কংবলাংবরপাদঃ ইত্যাত্মানং সম্বোধ্য বদতি কংবলাংবরপাদঃ নির্ব্বিকল্প প্রবাহাভ্যাসং কুরু। তথাচ অপ্রতিষ্ঠান প্রকাশে—

যাবান্ কশ্চিৎ বিকল্পঃ প্রভবতি মনস্ত্যাজারূপো হি তাবান্
যোহসাবানন্দ রূপঃ পরমসুখকরঃ সোহপি সঙ্কল্পমাত্রঃ।
যো বা বৈরাগ্যভাবস্তদপি তদুভয়ং তদ্ভবস্যাগ্রহেতু
নির্ব্বাণং নানাদস্তি ক্বচিদপি বিষয়ে নির্ব্বিকল্পাত্মচিত্তাৎ॥

তথাচ বোধিচর্য্যাবতারে

মানুষ্যং নাবমাসাদ্য তর দুঃখ মহন্নদীং।
মূঢ় কালো ন নিদ্রায়া ইয়ন্তে দুর্লভা পুনঃ

পদান্তরেন তমেবার্থং দোতয়ন্নাহ। খংড্রীত্যাদি। প্রথমে খুন্টিকা ভ্রান্তাব-দোষং সদগুরুবাক্য দৃঢ়ীকৃত্য উৎপাদ্য ভো যোগিবর। কচ্ছিকা অবিদ্যা-সূত্রং চ মুক্তীকৃত্য দ্রুতং তস্যাঃ প্রবাহং কুরু। এতেনাভাববিশেষেন অনুত্তরধর্ম্মসাক্ষাৎ বাড়িকাচিত্তে হি ভবতীতি নাত্র সংশয়ঃ।

তৃতীয়পদেন গুরোরসংপ্রদায়াৎ বিপর্যায়মাহ। মাকুতেত্যাদি। মার্গং বিরমানন্দং গত্বা চতুর্দিশং গ্রাহ্যাদি বিসংসারে পততি। তথাচ চর্যাপদঃ।

খালত পড়িলেঁ কাপুর নাশই ইতি।

যঃ পুনঃ সদগুরুবচনেন পরিপক্কজ সুখান্বেষণং করোতি স ভবজলধৌ পারং গচ্ছতীতি। তথাচ কৃষ্ণাচার্যপাদাঃ—

জো সংবেঅন মণরঅন অহরহ সহজ ফরংত।
সো পরু জাণই ধর্ম্মগই অন্ন কি মুনঅ কহন্ত॥

চতুর্থপদেন ফলব্যক্তীকরণমাহ। বামদাহিণেত্যাদি। বামদক্ষিণনাড়ীস-দ্বয়ং মধ্যমায়াং প্রবেশয়িত্বা। মার্গবিরমানন্দস্থতং কোধিচিত্তং নিজজ্ঞান পরিশোধিতং। মহাসুখচক্রসমুদ্রোদ্দেশেন যদা মিলিতং তস্মিন্ মার্গে মহাসুখসঙ্গ নৈরাত্মাজ্ঞানাভিসংগং ময়া প্রাপ্তমিতি॥

এখানে উদ্ধৃতি এসেছে 'অপ্রতিষ্ঠান প্রকাশ' থেকে, 'বোধিচর্য্যাবতার' থেকে, কৃষ্ণাচার্যের 'চর্যাপদ' থেকে যে—পাঠটি গীতিকায় নেই কিন্তু তিব্বতী অনুবাদে আছে[১০] এবং কাহ্ন বা কৃষ্ণাচার্যের 'দোহাকোষ' থেকে।

টীকাকার 'করুণা নাবী'র অর্থ করেছেন 'বোধিচিত্ত' বলে, সোনাকে 'শূন্য' বলে, রূপাকে 'আকার' বলে, 'খুন্টি'কে ভ্রান্তি বা ভ্রান্তপ্রকাশ বলে।

এ-গীতিকাটি তত্ত্বসমৃদ্ধ এবং যোগপ্রকরণের মহাসুখচক্রের কথা এখানে আছে।

তিব্বতী অনুবাদে 'সোনে' সুবর্ণ অর্থে এসেছে—'gser'। কিন্তু মুনি দত্ত অনুবাদ করেছেন 'শূন্যতা' বলে। তেমনি 'রূপা' রৌপ্য অর্থে এসেছে—dnul' কিন্তু মুনি দত্ত অনুবাদ করেছেন 'রূপবেদনা' বলে। 'উবেসে' সুকুমার সেনের ব্যাখ্যায় হয়েছে 'উপদেশে', মুনি দত্ত বলছেন 'উদ্দেশ'। 'উদ্দেশ' অর্থটিই ঠিক। 'মাংগ'কে মুনি দত্ত ব্যাখ্যা করছেন 'মার্গ' বলে, 'সংগ' বা মিলন মুনি দত্তের বিবেচনায় হয়েছে 'অভিসঙ্গম'।

'অপ্রতিষ্ঠান প্রকাশ' থেকে উদ্ধৃতিটি 'অদ্বয়বজ্রসংগ্রহ' নামক গ্রন্থের অন্তর্ভুক্ত 'অপ্রতিষ্ঠান-প্রকাশ' নামক সঙ্কলনে পাওয়া যায়না, একথা পার কোয়ার্ন বলছেন।

নবম গীতিকা

যমানন্দোৎকীর্ণতয়া কৃষ্ণাচার্যাপাদাশ্চিত্ত গজেন্দ্রশব্দসন্ধাভাষয়া তমেবার্থং উৎপ্রেক্ষয়ন্ত আহুঃ। এবংকার ইত্যাদি। একারঃ চন্দ্রপ্রভাসং বংকারঃ সূর্যামুভয় দিবারাত্রিজ্ঞানং বাখোড় স্তম্ভদ্বয়ং মর্দ্দয়িত্বা নিরাভাসীকৃত্য বজ্রজাপকক্রমেন। অপরং বিবিধ প্রকারানবধূতী ব্যাপকবন্ধান্ তোড়িঅ তোড়ায়িত্বা এষাং গ্রহণোমনুপলম্ভাসবপানেন প্রমত্ত সন্ জ্ঞান গজেন্দ্র-কৃষ্ণাচার্যাচরণা নলিনীবনং মহাসুখকমলং কৃত্বা নির্ব্বিকল্পাকারে ক্রীড়ন্তীতি। তথাচ আর্য্য নাগার্জ্জুনপাদাঃ।

> বাহ্যং যত্তদস্য স্বভাববিরহাৎ জ্ঞানধ্য বীক্ষ্য চ্য বৎ
> শূন্যং যৎ পরিকল্পিতং তদপি চাশূন্যং মতং কেবলম্
> ইত্যেবং পরিভাব্য ভাববিভবং নির্ব্বিগ্নতত্ত্বৈকধী
> মায়ানাটকনাটনৈক-নিপুণো যোগীশ্বরঃ ক্রীড়তি॥

পদান্তরেন তমেবমাহুঃ। জিম জিমেত্যাদি। যথা বাহ্যকরী করিণ্যামীর্ষ্যা-মদং বহতি। তদ্বদ্ভগবতীনৈরাত্মাসঙ্গতয়া চিত্ত গজেন্দ্রকৃষ্ণাচার্য্যপাদাঃ তথতামদং প্রবর্ষন্তি। অতএব তৃতীয়পদেন ভাবানাং স্বরূপোপলব্ধিমাহুঃ। ছড়িগই ইত্যাদি অন্তরা জরায়ুজা উপপাদুকা সংস্বেদজা দেবাসুরাদি

প্রকৃতিকাঃ সর্ব্বে ভাবাঃ স্বভাবেন পরিশুদ্ধা যোগীন্দ্রসা। বালাগ্রমপপরিশুদ্ধং কিঞ্চিন্ন বিদ্যতে। তথাচ মধ্যমকশাস্ত্রঃ

দাপেনয়মতঃ কিঞ্চিৎ প্রক্ষেপ্তব্যং ন কিঞ্চন।
দ্রষ্টব্যং ভূততো ভূতং ভূতদর্শী বিমুচ্যতে ॥

চতুর্থপদনে পরিপক্বকুশলনক্ষণমাহঃ। সম্বলেত্যাদি দশবলবৈশারদ্যাদিগুণযুক্তং তথতারত্বং দশদিগ্ব্যাপকতয়া অনুভবাভাসবলেন হারিতমস্মাকং অতএব তথতারত্বপ্রভাবেণাবিদ্যাকরীন্দ্রস্যানাসঙ্গেন মর্দনং কুরু ॥

এখানে দুটি উদ্ধৃতি এসেছে—নাগার্জুন থেকে এবং 'মধ্যমকশাস্ত্র' থেকে।

মুনি দত্তর বিবেচনায় 'এবংকার' হচ্ছে সূর্য এবং চন্দ্র,[১১] 'বাখোড়' হচ্ছে স্তম্ভদ্বয়ম (তিব্বতী অনুবাদে এ-অর্থই পাওয়া যায় Ka-gnis), 'মোডিউ' হচ্ছে 'মর্দয়িত্বা' এবং এভাবে আরও আছে। লক্ষ্যযোগ্য যে মুনি দত্ত এ-গীতিকাটির যথাযথ ব্যাখ্যা করেননি। মূল চর্যার অনেক শব্দ টীকায় অবিকল রেখে দিয়েছেন।

শহীদুল্লাহ্ প্রাচীন বাংলার উপর নির্ভর করে 'বাখোড়' শব্দটির অর্থ করেছেন 'আনান' বা হাতী বাঁধবার খুঁটি। এ-অর্থই যথার্থ। মুনি দত্ত 'নিবিতা' ব্যাখ্যা করেছেন 'নিবিকল্প' বলে, 'জিম জিম' ব্যাখ্যা করেছেন 'যথা তত্ত্বম' বলে। 'ছুধ' সম্ভবতঃ সংস্কৃত 'ক্ষুব্ধ' থেকে এসেছে, মুনি দত্ত ব্যাখ্যা করেছেন 'অপরিশুদ্ধম' বলে।

দশম গীতিকা

তমেবার্থং নৈরাত্মধর্ম্মাধিগমেন কৃষ্ণপাদাঃ। ডোম্বীশব্দসন্ধ্যাভাসয়া কথয়ন্তি। নগরীত্যাদি অস্পৃশযোগত্বাৎ। ডোম্বীতি পরিশুদ্ধাবধূতী নৈরাত্মা বোদ্ধব্যা। ব্রহ্মণেতি ব্রহ্মহুঁকারবীজজাতং চপলযোগত্বাৎ চিত্তবটুকং। অসংপ্রদায় যোগিনাং বোধিচিত্তং সংবৃত্তিশুক্ররূপং মণিমূলাদ বিরমানন্দাৎ

স্পৃষ্ট্বা স্পৃষ্ট্বা গচ্ছসি ভো নৈরাত্মা নগরিকেতি। রূপাদিবিষয়সমূহং বোদ্ধব্যং তস্য বাহ্যে। ইন্দ্রিয়াণামগোচরত্বেন গুরুসংপ্রদায়াৎ তবাগারং মহাসুখচক্রং ময়া সিদ্ধাচার্যেণ কৃষ্ণপাদেনাবগতমিতি।

অলো ডোম্বীত্যাদি। ভো ডোম্বী নৈরাত্মে ত্বয়া সহ ময়াভিসঙ্গঃ কর্ত্তব্যঃ যাদৃশ স্বভাব তাদৃশো নির্ঘৃণো লজ্জাদিদোষরহিতোহং তেনাহং সততং নিরন্তর গৃহীত্বা প্রজ্ঞোপায়াত্মিকাং মহামুদ্রাংসিদ্ধিং লভে। তথাচ শ্রীহেবজ্র—

প্রজ্ঞোপায়াত্মকং তন্ত্রং তন্মে নিগদিতং শৃণু॥

দ্বিতীয়পদেনাভ্যাসস্থানমাহ। এক সো ইত্যাদি। পদ্মৈকং নির্ম্মাণচক্রং চতুঃষষ্টিদলযুক্তং তত্র স্থিত্বা ভগবত্যা নৈরাত্ময়া সহ একরসতয়া মহারাগানন্দসুন্দরোহি কৃষ্ণাচার্য্যো নৃত্যাতি। তথাচ শ্রীহেবজ্রে—

নাট্যং কুরু হেরুকরূপেণানুস্মৃতি শ্রুতিযোগতঃ

তৃতীয়পদেন নৈরাত্ম্যাধিগমং দৃঢ়ীকরোতি। হক্ষু লো ইত্যাদি। ভো নৈরাত্মে সম্ভাবেন স্বরূপাশয়েন ত্বাং পৃচ্ছামাহং সর্ব্বধর্ম্মনৈরাত্ম্যয়া কস্য সংবৃত্তিবোধিচিত্তা নৌকামার্গেণ যাতায়াতং করোসি। ন করোমীত্যর্থঃ। সর্ব্বসহজময়ত্বে নেতি। তথাচ শ্রীহেবজ্রে—

তস্মাৎ সহজং জগৎ সর্ব্বত্র সহজং স্বরূপমুচ্যতে।
স্বরূপমেব নির্ব্বাণং বিশুদ্ধাকারচেতসা॥

চতুর্থপদেন নৈরাত্ম্যধর্ম্ম-স্বরূপমাহ। তান্তীত্যাদি। তন্ত্রী ইতি ভগং পদ্মস্থানং অবিদ্যারূপং চাঙ্গিতমিত্যাদি। তস্য পল্লবং বিষয়াভাসং। এতয়োঃ শ্রীগুরুপাদপ্রসাদামম বিকল্পনং পরিত্যাগং করোসি ভো ডোম্বি নৈরাত্মে। অতএব নটবৎ সংসারপেটকং ময়া পরিত্যক্তং তবাস্তরেণেতি।

পঞ্চমপদেন যোগীন্দ্রস্য সপ্রপঞ্চচর্যামাহ তু চলত্যাদি। ভো ডোম্বি নৈরাত্মে স্বরূপতয়া ত্বাং ভদ্রেণ সদগুরুপ্রসাদাৎ জানামি। হও কাপালিকঃ চর্য্যাধরশ্চ। কং তব সুখং পাতিলং সমর্থঃ। অতএব তবান্তরেণময়া কৃষ্ণাচার্য্যেণ ষটতথাগত-চক্রী কুণ্ডলকণ্ঠিকাদি নিরংশুচর্য্যাং বিধৃত বাহ্যমন্ত্রতন্ত্র নিরপেক্ষতয়া পঞ্চবিবিহরণং কৃতং। তথাচ কৃষ্ণাচার্য্যপাদাঃ।

এক্কু ন ক্কিজই মন্ত্র ন তন্ত্র
ণিঅঘরনী লই কেলি করন্ত ॥
নঅ ঘরেঁ ঘরণী জাব ণ মজ্জই
তাব কি পঞ্চবাণ্ণ বিহরিজ্জই ॥

ষষ্ঠপদেন ডোম্বিনী দ্বিধাভেদমাহ। সরবরেত্যাদি। গুরুসংপ্রদায়-বিহীনস্য সৈব ডোম্বিনী অপরিশুদ্ধাবধূতিকা। সরোবরং কায়পুষ্করং তন্মূলং তদেব বোধিচিত্তং সংবৃত্তা তৎকরূপং মারয়ামি। নিঃস্বভাবী-করোমী। তথাচ বহিঃ শাস্ত্রে—

শা বিত্তী কিম্পি জলং যত্তু বিশেষণ গৌরবং লহে ই।
অহিমুহ পড়িঅ গরন্নং ছিপ্পি মুত্তানং কুণেই ॥

এখানে 'শ্রীহেবজ্র' থেকে তিনটি উদ্ধৃতি আছে। কৃষ্ণাচার্যের 'দোহাকোষ' থেকে দুটি এবং 'বহিঃশাস্ত্র' থেকে একটি।

মুনি দত্তের ভাষ্যে 'নগর' হচ্ছে 'অস্পৃশ্যযোগত্বাৎ।' ডোম্বী হচ্ছে 'পরিশুদ্ধঅবধূতী' অর্থাৎ নৈরাত্মা, 'পদ্মা' হচ্ছে নির্মাণচক্র, তন্ত্রী হচ্ছে ভগ বা নারীচিহ্ন এবং পদ্মস্থান, মোলান হচ্ছে বোধিচিত্ত ইত্যাদি। তাছাড়া 'মহামুদ্রাসিদ্ধি'র কথা আছে, 'মহারাগানন্দ'র কথা আছে, 'সহ সম-রসে'র কথা আছে। এ-সমস্ত কথায় জটিলতা দূরীকৃত হবার পরিবর্তে নতুন স্বভাবের প্রহেলিকা নির্মিত হয়। 'কুড়িআ' হচ্ছে কুড়ে ঘর—তিব্বতী অনুবাদে khyim এবং মুনি দত্তের ভাষ্যে 'আগারং'। মুনি দত্ত 'বাপুড়ী'র ব্যাখ্যা করেছেন 'মহারাগ-আনন্দ-সুন্দর' বলে, 'সরবরের' ব্যাখ্যা করেছেন 'কায়-পুষ্কর' বলে।

মুনি দত্ত ব্যাখ্যাসূত্রে বলছেন, যদি অপরিচ্ছন্ন অবধূতি শরীরকে গ্রহণ করে বোধিচিত্তকে আহার করে, তখন তাকে হত্যা করে যোগী নিঃস্বভাব করে। অর্থাৎ শরীরী চৈতন্য অস্বীকার না করলে সাধকের প্রমুক্তি আসেনা।

একাদশ গীতিকা

পরমানন্দ সুন্দরো হি কৃষ্ণাচার্য্য পুনরপি তমেবার্থং প্রতিপদয়ন্নাহ। নাড়ীত্যাদি। নাড়িকা দ্বাত্রিংশ নাড়িকাঃ। শক্তিস্তাসাং মধ্যে প্রধানাবধূতিকা বিরমানন্দরূপা গুরুপ্রসাদাৎ মণিমূলে বিধৃত্য খট্টাঙ্গমিতি খংশূন্যতা প্রভাস্বরেণ সহজং সংস্পৃশ্য। অনাহতং ডমরু শব্দং বীরানাদেন শূন্যতাসিংহনাদেন নদিতম্ সন্ কৃষ্ণাচার্য্যো হি কাপালিকঃ। দেহনগরিকাং প্রবিশ্য প্রচারেণ ক্লেশভক্ষণাদিনয়েন একাকারতয়া বিহরতি ভ্রমতী ইতি।

দ্বিতীয়পদেন যোগিকালঙ্কারমাহ। আহলীত্যাদি। প্রথমন্তব্য যোগীন্দ্রেণ বজ্রজাপ পরিশোধিত চন্দ্র-সূর্যাদিকেন ঘন্টানূপুরাদি যোগিকালঙ্কারং কৃতমিতি।

তৃতীয়পদেন পুনরপ্যলঙ্কারমাহ। রাগ ইত্যাদি। তেনৈব মহাসুখ-রাগবহ্নিনা রাগদ্বেষাদিকং দগ্ধ্বা তেন ভস্মনা বিলিপ্তাঙ্গো ভূয় বজ্র-সত্ত্বরূপেণানমালক্ষ্য পরমমোক্ষ মুক্তাহারমণ্ডিতো হি ভ্রমতী ইতি।

চতুর্থপদেন কপালচর্য্যামাহ। মারীত্যাদি। শ্বাসং পূর্ব্বোক্তমনঃপবনং তমধিকৃত্য চক্ষুরিন্দ্রিয়াদি বিজ্ঞান বাতং নানাপ্রকারং বোদ্ধব্যং। তং নিস্বভাবীকৃত্য। অবিদ্যাং চ মায়ারূপাং প্রজ্ঞোপায়াভেদোপচারেণ কৃষ্ণা-চার্য্যঃ। জগতি জগদর্থাশয়েন বজ্রকাপালিকো ভূত্বা ভ্রমতীতি। তথাচ দড়তীপাদাঃ —

প্রাণী বজ্রধরঃ কপালবণিতাতুল্যো জগৎস্ত্রীজনঃ
সোহং হেরুকমূর্ত্তিরেষ ভগবান্ যো নঃ প্রভিন্নোহপি।
শ্রীপদ্মং মদনঞ্চ নোকুদহনং কুর্ব্বন্ যথা গৌরবাৎ
এতৎ সর্ব্বমতীন্দ্রিয়ৈকমনসা যোগীশ্বরঃ সিধ্যতি॥

দড়তীপার একটি মাত্র উদ্ধৃতি এখানে আছে।

মুনি দত্ত ব্যাখ্যাসূত্রে 'মণিমূল', 'অবধূতী' 'সহজানন্দ', 'শূন্য', 'সমাধি', 'পরমানন্দ,'[১২] 'মায়া' এ-শব্দগুলোকে এনেছেন। 'মারিয়া'র অর্থ

করেছেন 'আপন অস্তিত্ব থেকে মুক্ত করা' অর্থাৎ যথার্থ কাপালিক সেই যে আপন অস্তিত্ব থেকে মুক্ত হয়ে সকল কামনা-বাসনাকে অস্বীকার করে। মায়ার বন্ধনকে বিনষ্ট করে মহাসুখে নিমজ্জিত হয়।

দ্বাদশ গীতিকা

পুনরপি তমেবার্থং বৃত্যাক্রীড়াধ্যানেন প্রকথয়ন্তি কৃষ্ণাচার্য্যপাদাঃ। করুণেতি স্বাধিষ্ঠানচিত্তরূপং চিত্তং বোদ্ধব্যং। পিড়ীতি। তস্যাশ্রয় ভূতলোষ্ঠাং সমাধিমনা বোদ্ধব্যাঃ। তান্ ফাট্টয়িত্বা নিরাসীকৃত্য। নয়ং মন্ত্রনয়রহস্যং চতুর্থানন্দবলং তমেব বোধিচিত্তং বজ্রগুরোরুপদেশাৎ সমাকৃকুলিশাঙ্কুসংযোগেন উভয়োরেকতয়া অবিরতানন্দাভিযোগেন ক্রীড়াং কৃত্বা সন্ ভবলং বিষয়াভাসবলং। অক্লেশবশেন অস্মাভিঃ কৃষ্ণাচার্যৈর্জ্জিতমিতি।

ধ্রুবপদেন স্পষ্টয়ন্নাহঃ ফীটেত্যাদি। প্রথমমেব বজ্রজাপক্রমেণা ভাসদ্বয়ং ফীটমিতি নিঃকৃন্তিতং। পুনঃ ঠকুরমবিদ্যাচিত্তং উপকারিকোপদেশেনেতি। রাগান্তে বিরমানন্দোদয় সময়ে বোধিচিত্তাক্ষ রোপদেশেনাবিরতানন্দেন কৃষ্ণাচার্যস্য জিনবর স্বয়মেব সন্নিধানাগত্য মিলিতমিতি। তথাচ সড়তীপাদাঃ।

রাগান্তে বিরমপ্রবেশসময়ে চন্দ্রে স্বভাবস্থিতি
যা বিতি র্মনসঃ প্রবৃত্তিরপারা বায়োর্নিরুদ্ধা গতিঃ।
তৎকালে যদনন্যসম্ভবসুখং সাক্ষাৎ পরং তৎপদং
তত্র স্থানুভবো হি যস্য স পুনঃ সিদ্ধো মহামুদ্রয়া॥

দ্বিতীয়পদেনাভ্যাসাতিশ ক্রমতাং কথয়ন্নাহ। পহিলেমিত্যাদি। ধড়িকেতি সন্ধ্যাভাসয়া ষষ্ঠ্যুত্তর শত প্রকৃতয়ো বজ্রজাপক্রমেণ প্রথমে নিঃস্বভাবীকৃত্য পুনরপি গজবরেণেতি যোগীন্দ্রস্য তথতাচিত্ত গজেন্দ্রেণ পদ্মাক্ষকল্পাত্মক চ পথ্যবিষয়স্য হংকার মমকারাদিভূষণং নির্ম্মদঃ কৃত্বা সাক্ষাৎকৃতমিতি।

তৃতীয়পদেন তং দোতয়ন্ত আহঃ। মতিত্রমিতি। মত্যা প্রজ্ঞাপারমিতানুবুদ্ধ্যা। ঠকুরমিতি সংক্লেশারোপিতচিত্তং পরিনির্ব্বাণারোপিতং কৃতং।

অতএব ভবলবং ভাবগ্রামবলং রূপাদিবিষয়ং। সুব্যগ্রসমগ্রং কৃত্বা জিতস্মাভিঃ তথাচ নাগার্জুন পাদৈঃ।

যেন চিত্তেন তে বালা সংসারে বন্ধনং গতাঃ
যোগিনস্তেন চিত্তেন সুগতানাং গতিং গতাঃ॥

চতুর্থপদেনাত্মনো যোগাস্পদস্যানুশংসামাহ। ভন ইত্যাদি। কৃষ্ণাচার্যেতি বদতি দায়ং প্রাভৃতাশয়াভিপ্রায়ং চতুঃষষ্টিকোষ্টকে নির্মাণচক্রে স্থিরীকৃত্য স্বচিত্তং প্রকৃতি প্রভাস্বররূপং গৃহ্নামি॥

এখানে উদ্ধৃতি আছে 'দড়তীপা' এবং নাগার্জুন থেকে।

এখানে ব্যাখ্যাসূত্রে মুনি দত্ত বলছেন যে স্বাধিষ্ঠানচিত্তরূপ ক্ষেত্রে বজ্র ও পদ্মের মিলনের জন্য সমাধির সপ্ত দোষ খণ্ডন করতে হবে। যাঁরা তন্ত্রের সাধনা করেন তাঁরা হয়তো অভিষ্ঠ সিদ্ধির জন্য এ-ব্যাখ্যার তাৎপর্য অনুভব করবেন কিন্তু আমার কাছে বিশেষ কোনও অর্থ স্পষ্ট হয়নি। আমি এখানে প্রহেলিকার উন্মোচন লক্ষ্য করছি। একটি কথা বলা যায় যে, মুনি দত্ত দাবাখেলার মধ্যে তৎকালীন সমাজের কোনও ব্যসন লক্ষ্য করেননি কিন্তু সংসার-মুক্তির জন্য পরমার্থ-সাধনের ইঙ্গিত পেয়েছেন।

ত্রয়োদশ গীতিকা

উক্তার্থদৃঢ়ীকরণায় নৈশ্চর্য্যা রভিহিতং। তিশরনেতাদি। ত্রয়ং কায়বাকচিত্তং। যস্মিন্ চতুর্থে শরণীন গতং তং মহাসুখকায়ং নৌকাসন্ধ্যাভাষয়া বোদ্ধব্যম্। অতএব শূন্যতাকরুণয়োরৈক নিজদেহ যুগনদ্ধরূপং তেন মহাসুখকায়েন। অঠকুমারীতি বুদ্ধৈশ্বর্য্যাদিসুখমনুভূতম্।

ধ্রুবপদেন চতুর্থোপায়স্যানুশ সামাহঃ। তরিতা ইত্যাদি। তেন চতুর্থানন্দোপায়নৌকয়া ভবসমুদ্রং কৃষ্ণাচার্যেণ তীর্ন্নং মায়াময়ং স্বপ্নোপমং চ কৃত্বেতি। মধ্যবেণীকায়াং পরমানন্দে স্বাধিষ্ঠানচিত্তস্য তরঙ্গমুল্লোলসুখং

ভুক্তং ময়েতি ইত্যাত্মবেদনং ন প্রতীক্ষ্যতে। তথাচ নাগার্জ্জুনপাদাঃ অপ্রতিষ্ঠানপ্রকাশে—

যাবান্ কশ্চিৎ বিকল্পঃ প্রভবতি মনসি ত্যাজ্যরূপো হি তাবান্
যোহসাবানন্দরূপঃ পরমসুখকরঃ সোপি সংকল্পমাত্রঃ।
যো বা বৈরাগ্যভাবস্তদপি তদুভয়ং তদ্ভবস্যাগ্রহেতু
নির্ব্বাণান্নান্যদস্তি ক্বচিদপি বিষয়ে নির্ব্বিকল্পাত্মচিত্তাৎ॥

দ্বিতীয়পদেন স্কন্ধাপারগতিমাহ। পঞ্চতথাগতেত্যাদি। বিশুদ্ধপথ্যতথা তাত্মকং স্বে দেহং কেনিপাতং পরিকল্প্য মহাসুখ নৌকাং গৃহীত্বা স্বয়মাত্মানং সম্বোধ্য ভো কৃষ্ণাচার্য্যপাদাঃ মায়াজালবৎ স্কন্ধধাত্বাদি বিষয়সমুদ্রস্য বাধাং কুরু॥ তথাচ সূতকে—

স্কন্ধশ্চ ধাতুশ্চ তথেন্দ্রিয়াণি পঞ্চৈব স্কৃত প্রভেদাঃ।
তথাগতাধিস্থিত এক একশঃ সংসারকর্ম্মাণি কুতো ভবন্তি॥

